



পিআইবি'র ইনোভেশন টিমের অক্টোবর ২০১৮ মাসের সভার কার্যবিবরণী

পিআইবি'র ইনোভেশন টিমের অক্টোবর ২০১৮ মাসের সভা আজ ২৮ অক্টোবর ২০১৮ খ্রি. তারিখ বেলা ১১:০০টায় ইনোভেশন অফিসার ও পরিচালক, প্রশাসন (অতিরিক্ত দায়িত্ব) বেগম আনোয়ারা বেগম-এর সভাপতিত্বে তাঁর কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত সদস্যগণ উপস্থিত ছিলেন।

১। ড. কামরুল হক, রিসার্চ অফিসার

২। মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব)

আলোচ্যসূচীঃ

ক) উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

খ) বিবিধ।

সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন।

ক. ইনোভেশন অফিসার জানান, উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী অনলাইন সার্টিফিকেট কোর্স অন জার্নালিজম এর কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া প্রশিক্ষণার্থী নির্বাচনে পুনরাবৃত্তি রোধকল্পে প্রশিক্ষণার্থী সাংবাদিকদের ডাটাবেজ তৈরির নিমিত্তে তথ্য সংগ্রহের কাজ চলছে।

খ. জনাব ড. কামরুল হক জানান, পিআইবি'র বিভিন্ন বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের জন্য তথ্য প্রযুক্তি বিষয়ক বিভিন্ন কর্মশালা এবং ইনোভেশন সংক্রান্ত ২/৫ দিনের প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে।

গ. জনাব মো. আফতাব উদ্দীন ভূঁঞা জানান, উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী পিআইবিতে স্থাপিত বাংলাদেশের মুক্তিযুদ্ধে শহীদ সাংবাদিক স্মৃতিফলকে বারকোড সংযুক্তকরণের কাজ শেষ হয়েছে।

এছাড়া কর্মপরিকল্পনা অনুযায়ী অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে উদ্ভাবন কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যেতে পারে।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আনোয়ারা বেগম
ইনোভেশন অফিসার
ও
পরিচালক (অধ্যয়ন ও প্রশিক্ষণ)